দৈনিক বাংলা

তারিখ 18 OCT 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

৩৭

35

প্রতিবাদে বিক্ষোভ মিছিল

# ঢাকা কলেজ ছাত্র সংসদের ভিপিসহ ৩ জন আটক

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা কলেজ ছাত্র সংসদের ভিপি মীর শরাফত আলী সপু, ছাত্রদল নেতা হাসানুজ্জামান উজ্জ্বল এবং যুবদল নেতা সফিকুল ইসলামকে পুলিশ গত মঙ্গলবার রাতে আজিমপুরের একটি বাসা থেকে গ্রেফতার করেছে।

লালবাগ থানা পুলিশ জানিয়েছে, ঢাকা কলেজের ভিপি শরাফত আলী সপুর বিরুদ্ধে বিভিন্ন থানায় মোট পাঁচটি মামলা রয়েছে। এর মধ্যে গত ১৬ই সেপ্টেম্বর আজিমপুরে বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের সামনে ছাত্রদল নেতা মাসুদ ও খোকনকে গুলীবিদ্ধ করে আহত করার মামলাও রয়েছে। অপর দুজনকে বর্তমান রাজনৈতিক অস্থিরতার কারণে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানায়।

এদিকে ঢাকা কলেজের ছাত্ররা কলেজ ছাত্র সংসদের ভিপি শরাফত আলী সপুর গ্রেফতারের প্রতিবাদে গতকাল একটি বিক্ষোভ মিছিল বের করে। মধুর ক্যান্টিন থেকে বের হয়ে মিছিলটি জাতীয় প্রেসক্লাবের সামনে গিয়ে শেষ হয়।

ঢাকা কলেজ ছাত্র সংসদের জিএস জাকির হোসেন এক বিবৃতিতে শরাফত আলী সপুর মুক্তির দাবী জানিয়েছেন।

ঢাকা কলেজের ছাত্র সংসদের ভিপি

(শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

## ঢাকা কলেজ ছাত্র

(প্রথম পৃঃ পর)

ও ছাত্রদল নেতা শরাফত আলীর গ্রেফতারের নিন্দা এবং তার মুক্তি দাবি করে বিএনপির মহাসচিব ব্যারিষ্টার সালাম তালুকদার, ঢাকা কলেজ ছাত্র সংসদের জিএস মোঃ জাকির হোসেন, জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা মহানগরী শাখার সভাপতি আবুল খায়ের ভুইয়া, সাধারণ সম্পাদক নাসির উদ্দিন আহমদ বিবৃতি দিয়েছেন।

সর্বদলীয় ছাত্র ঐক্য এবং সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট পৃথক পৃথক বিবৃতিতে অবিলম্বে ছাত্রনেতা বজলুর রশীদ ফিরোজসহ আটক সকল ছাত্রনেতা ও কর্মীর মুক্তি দাবী করেছে।